বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

ইউজিসি ভবন, ই-১৮/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা- ১২০৭।
www.ugc.gov.bd; E-mail: director_publicuniv@ugc.gov.bd

স্মারক নং-বিমক:/পাব:বিশ্ব:/গুচ্ছ পদ্ধতিতে ভ:প:/২০১৮/ তারিখঃ ৩০ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ / ১৩ ফেব্রুয়ারি ২০২০ খ্রি:

## সভার নোটিশ

উচ্চশিক্ষায় ভর্তিচ্ছু শিক্ষার্থী ও অভিভাবকদের দুর্ভোগ লাঘব, সময় এবং আর্থিক অপচয় রোধকল্পে দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে স্নাতক পর্যায়ে ১ম বর্ষে কেন্দ্রীয় ভর্তি পরীক্ষা কার্যক্রম শুরু ও বাস্তবায়নের লক্ষ্যে এক সভা আগামী ২৬ ফেব্রুয়ারি ২০২০, বুধবার, বিকাল ০৩:০০ টায় কমিশনের সভাকক্ষে (কমিশন ভবনের ষষ্ঠ তলায়) অনুষ্ঠিত হবে। সভায় আপনাকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।

সংযুক্তি: আপনার জ্ঞাতার্থে কেন্দ্রীয় ভর্তি পরীক্ষা পদ্ধতির খসড়া প্রস্তাবনাটি সংযুক্তি করা হল।

প্রফেসর ড. কাজী শহীদুল্লাহ
চেয়ারম্যান
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

উপাচার্য
**সকল পাবলিক বিশ্ববিদ্যালয়**

ঢাকা/রাজশাহী/ বাংলাদেশ কৃষি/ বাংলাদেশ প্রকৌশল/ চট্টগ্রাম/ জাহাঙ্গীরনগর/ ইসলামী/ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি/খুলনা/জাতীয়/বাংলাদেশ উন্মুক্ত/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি/বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল /শেরে বাংলা কৃষি/ মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি/হাজী মোঃ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি/পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি/ ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি/রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি/চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি/খুলনা প্রকৌশল ও প্রযুক্তি/ নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি/জগন্নাথ/ জাতীয় কবি কাজী নজরুল ইসলাম/কুমিল্লা/চট্টগ্রাম ভেটেরিনারী ও এনিম্যাল সাইন্সেস/ সিলেট কৃষি/যশোর বিজ্ঞান ও প্রযুক্তি/বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনাল্স/বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর/পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি/ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ /বরিশাল বিশ্ববিদ্যালয়/ বাংলাদেশ টেক্সটাইল /রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রাঙ্গামাটি/ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি/ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা/চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়/ রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়/ রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ/ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি/শেখ হাসিনা/ খুলনা কৃষি/ বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি/ সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয়/ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়।

স্মারক নং-বিমক:/পাব:বিশ্ব:/গুচ্ছ পদ্ধতিতে ভ:প:/২০১৮/ তারিখঃ ৩০ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ / ১৩ ফেব্রুয়ারি ২০২০ খ্রি:

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল:**

১। একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা;
২-৪। সিনিয়র সহকারী সচিব/ সহকারী সচিব, সদস্য মহোদয়গনের দপ্তর ইউজিসি, ঢাকা;
৫। ব্যক্তিগত কর্মকর্তা, সচিব মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা;
৬-৭। নথি/মহানথি।

প্রফেসর ড. কাজী শহীদুল্লাহ
চেয়ারম্যান
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
ইউজিসি ভবন, প্লট # ই-১৮/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭, বাংলাদেশ
ফোন : +৮৮-০২৫৮১৬০১০০, ফ্যাক্স: +৮৮-০২৫৮১৬০২০২
ই-মেইল : chairman@ugc.gov.bd, chairmanugc@yahoo.com
ওয়েব : www.ugc.gov.bd

বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

প্রফেসর কাজী শহীদুল্লাহ
চেয়ারম্যান

১৩ ফেব্রুয়ারি ২০২০

# বিশ্ববিদ্যালয়সমূহের কেন্দ্রীয় ভর্তি পরীক্ষা ২০২০-২০২১
# (Central Admission Test for the Universities 2020-2021)

**প্রাথমিক খসড়া প্রস্তাবনা**

বাংলাদেশের বিশ্ববিদ্যালয়সমূহে নিজ নিজ স্বতন্ত্রতা বজায় রেখে ইতোপূর্বে যেভাবে ১ম বর্ষ স্নাতক সম্মান শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি করা হয়েছে, তার প্রতি সম্পূর্ণ আস্থা রেখেই ২০২০-২০২১ শিক্ষাবর্ষ থেকে কেন্দ্রীয় ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

বিশ্ববিদ্যালয়সমূহের লক্ষ্য, উদ্দেশ্য এবং পঠন-পাঠন প্রক্রিয়ার ভিন্নতা সত্ত্বেও তাদের ভর্তি পরীক্ষাসমূহ কেবলমাত্র এইচএসসি পরীক্ষায় পঠিত বিষয়সমূহের ভিত্তিতেই গৃহীত হয়ে থাকে। বিষয়টি বিবেচনায় রেখে উচ্চ মাধ্যমিক ফল প্রকাশের পর পরই পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহ কেন্দ্রীয় ভর্তি কমিটি কর্তৃক প্রদত্ত সময় অনুযায়ী তাদের নিজ নিজ ক্যাম্পাসে ভর্তি পরীক্ষার আয়োজন করবে। কেন্দ্রীয় ভর্তি পরীক্ষার মাধ্যমে দেশের বিশ্ববিদ্যালয়সমূহে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের একটি স্কোর করে দেয়া হবে। বিশ্ববিদ্যালয়সমূহ থেকে অভিজ্ঞ এবং সিনিয়র শিক্ষকদের নিয়েকলা, বিজ্ঞান ও বাণিজ্য শাখার জন্য পৃথক পৃথক তিনটি কেন্দ্রীয় ভর্তি পরীক্ষা কমিটি গঠন করা হবে। উক্ত তিন শাখায় তিনদিন পৃথক পৃথক ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে। ভর্তি পরীক্ষার ফলাফল প্রদানের পর কেন্দ্রীয় ভর্তি কমিটির কাজ শেষ হবে। পরবর্তীতে প্রত্যেক বিশ্ববিদ্যালয় প্রচলিত পদ্ধতিতে (কিংবা যেভাবে তারা উপযুক্ত মনে করেন) তাদের নিজ নিজ প্রয়োজনীয় শর্তাবলি সংযোজন করে পৃথক পৃথক বিজ্ঞপ্তি প্রকাশ করবে এবং নতুন করে আর পরীক্ষা না নিয়ে কেন্দ্রীয় ভর্তি পরীক্ষায় প্রাপ্ত স্কোরকে বিবেচনা করেই ছাত্র-ছাত্রী ভর্তি করবে। প্রত্যেক পাবলিক বিশ্ববিদ্যালয়েই ভর্তি পরীক্ষার কেন্দ্র থাকবে। ছাত্র-ছাত্রীরা তাদের পছন্দ অনুযায়ী অভিন্ন প্রশ্নে পছন্দকৃত বিশ্ববিদ্যালয় কেন্দ্রে পরীক্ষা দিবে। কোনো বিশ্ববিদ্যালয়ে যদি তাদের পরীক্ষা নেয়ার সামর্থ্যের অতিরিক্ত আবেদন পাওয়া যায়, সেক্ষেত্রে মেধাক্রমানুযায়ী নিকটতম বিশ্ববিদ্যালয়ে তার পরীক্ষা নেয়ার ব্যবস্থা করা হবে। বিশ্ববিদ্যালয়গুলোর একাডেমিক কাউন্সিল/ভর্তি কমিটি ভর্তির জন্য প্রয়োজনীয় শর্তারোপ করার সুযোগ পাবে। উল্লেখ্য, বিশেষায়িত বিভাগসমূহ যেমন- স্থাপত্য, চারুকলা ও সঙ্গীত তাদের প্রয়োজনমত শুধুমাত্র ব্যবহারিক পরীক্ষা নিতে পারবে। তবে সেক্ষেত্রেও কেন্দ্রীয় ভর্তি পরীক্ষার স্কোর সংযুক্ত করেই মেধাতালিকা তৈরি করবে।

বর্তমানে প্রচলিত ভর্তি পরীক্ষায় ভর্তিকালীন সময়ে শিক্ষার্থীদের শারীরিক ও মানসিক ভোগান্তি এবং আর্থিক ব্যয় নিরসনের জন্য এবং বিশ্বায়নের এ যুগে উচ্চ শিক্ষার মানোন্নয়নে এ ধরণের কেন্দ্রীয় ভর্তি পরীক্ষা পদ্ধতি গ্রহণের উদ্যোগ যুক্তিযুক্ত কারণেই গ্রহণ করা হয়েছে।

প্রফেসর কাজী শহীদুল্লাহ